# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 07-01-2026** **Time: 7.50 P.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১) এস আই আর শুনানিতে রাজ্যের জারি করা ডোমিসাইল সার্টিফিকেট আপাতত গ্রহণযোগ্য নয় বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

এসআইআর আবহে দশ হাজার নতুন ভোটার কার্ড প্রাপকদের সন্ধান না মেলায় চা নির্বাচন কমিশনের কাছে ফেরত এসেছে।

২) ২০১৬ সালের অযোগ্য চিহ্নিত এক হাজার ৮০৬ জন শিক্ষকের সম্পূর্ণ তালিকা প্রকাশ করতে আবারও স্কুল সার্ভিস কমিশনকে ফের নির্দেশ কলকাতা হাইকোর্টের।

৩) আনুষ্ঠানিকভাবে আগামীকাল গঙ্গাসাগর মেলার সূচনা হচ্ছে।

৪) আনন্দপুরের নোনাডাঙ্গায় মাতঙ্গিনী কলোনীর বস্তি এলাকায় এক বিধ্বংসী অগ্নিকান্ডে বহু ঘর ভস্মীভূত। ।

৫) ভারতীয় জনতা পার্টির পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির কার্যকর্তাদের নাম ঘোষণা করা হয়েছে।

৬) কনকনে ঠান্ডায় জবুথবু রাজ্যবাসী।

-----------------------------------------------------------------------------------------------

রাজ্যের এসআইআর শুনানিতে প্রমাণপত্র হিসেবে জমা দেওয়া ‘ডোমিসাইল সার্টিফিকেট’ আপাতত গ্রহণযোগ্য নয়। ইতিমধ্যেই যে সমস্ত ভোটার এই শংসাপত্র জমা দিয়েছেন, তাঁদের ফের শুনানির জন্য ডাকা হতে পারে বলে ইঙ্গিত মিলেছে। কমিশনের তরফে জানানো হয়েছে এস আই আর এ প্রামাণ্য নথি হিসেবে রাজ্যের জারি করা স্থায়ী ঠিকানা বা বাসস্থান সংক্রান্ত শংসাপত্র বলতে যা বোঝানো হয়েছে, ডোমিসাইল সার্টিফিকেট তার আওতায় পড়ে না।প্রতিটি রাজ্যে ডোমিসাইল সার্টিফিকেট ইস্যুর জন্য নির্দিষ্ট সরকারি নির্দেশিকা বা জিও রয়েছে। এই রাজ্যের এই সংক্রান্ত শেষ সরকারি নির্দেশিকা অনুযায়ী, মূলত সেনাবাহিনী ও বিভিন্ন আধা সামরিক বাহিনীর চাকরিপ্রার্থী অবাঙালি নির্দিষ্ট কিছু শ্রেণির মানুষ এই সার্টিফিকেটের জন্য যোগ্য বলে উল্লেখ ছিল। কিন্তু বর্তমানে অভিযোগ, রাজ্যে অনেক ক্ষেত্রেই নিয়ম না মেনে ডোমিসাইল সার্টিফিকেট ইস্যু করা হচ্ছে। সেই কারণে প্রামাণ্য নথি হিসেবে ওই শংসাপত্রকে ব্যবহার করা যাবে না।

-------------------

এস আই আর আবহে প্রায় দশ হাজার নতুন ভোটার কার্ড ফেরত আসার ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে নিয়মমাফিক ডাক বিভাগ মারফত ওই কার্ডগুলি মালিকদের ঠিকানায় পাঠানো হয়েছিল। কিন্তু প্রাপকদের

সন্ধান মেলেনি। এ প্রসঙ্গে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, ১৪ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ না হওয়া পর্যন্ত এ নিয়ে কোনও পদক্ষেপ গ্রহণ করা হবে না। ওই কার্ডগুলি যাদের নামে ইস্যু করা হয়েছে তাদের নাম চূড়ান্ত ভোটার তালিকায় থাকলে পুনরায় পদ্ধতি মেনে তাদের তা পাঠানোর ব্যবস্থা করা হবে।

--------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্বে ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে আজ আর এক দফা শুরু হয়েছে ইভিএম এবং ভিভিপ্যাটের ফার্স্ট লেভেল চেকিং। চলবে আগামী ১৪ ই জানুয়ারি পর্যন্ত।

নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, জেলা নির্বাচনী আধিকারিক, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এবং নির্বাচন কমিশনের সরাসরি তত্ত্বাবধানে এই যাচাই প্রক্রিয়া সম্পন্ন হচ্ছে। জাতীয় এবং রাজ্যের সমস্ত রাজনৈতিক দলকে ইতিমধ্যেই প্রতিনিধি পাঠানোর জন্যে বলা হয়েছে।

একমাত্র ফার্স্ট লেভেল চেকিং-এই পরীক্ষিত ভোটযন্ত্রই নির্বাচনের কাজে ব্যবহার করা যাবে।

--------------------

নির্বাচন কমিশন, আগামীকাল জরুরি ভিত্তিতে দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে বৈঠকে বসতে চলেছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সকাল ১০টা থেকে সিইওদের সঙ্গে এই বৈঠক করবেন।

চলতি SIR প্রক্রিয়া, ভোট প্রস্তুতি এবং আইনশৃঙ্খলা সংক্রান্ত একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়েই এই বৈঠকে আলোচনা হতে পারে বলে মনে করা হচ্ছে।

--------------------

দেশের নির্বাচন ব্যবস্থাপনা ও গণতন্ত্র নিয়ে আন্তর্জাতিক স্তরে আলোচনা সভার আয়োজন করছে নির্বাচন কমিশন। আগামী একুশে থেকে তেইশে জানুয়ারি পর্যন্ত নতুনদিল্লির ভারত মণ্ডপমে আয়োজন করা হচ্ছে 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল কনফারেন্স অন ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট–২০২৬'। নির্বাচন কমিশনের অধীনস্থ ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্টের উদ্যোগে তিনদিনের এই সম্মেলন অনুষ্ঠিত হবে বলে কমিশনের তরফে জানানো হয়েছে।

নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, নির্বাচন ব্যবস্থাপনা ও গণতন্ত্র নিয়ে এটিই হবে দেশের মাটিতে আয়োজিত সবচেয়ে বড় আন্তর্জাতিক সম্মেলন। বিশ্বের বিভিন্ন দেশের নির্বাচন পরিচালনাকারী সংস্থার প্রতিনিধিদের পাশাপাশি আন্তর্জাতিক সংগঠন, বিদেশি কূটনৈতিক মিশন এবং নির্বাচন সংক্রান্ত বিষয়ে গবেষক ও বিশেষজ্ঞরা এই

সম্মেলনে অংশ নেবেন। প্রায় একশোর কাছাকাছি আন্তর্জাতিক প্রতিনিধির এখানে যোগ দেওয়ার কথা রয়েছে।

--------------------

কোনো মতুয়া ও হিন্দু শরণার্থীদের নাম ভোটার তালিকা থেকে বাদ যাবে না বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আশ্বাস দিয়েছেন। উত্তর ২৪ পরগণার বনগাঁয় আজ মতুয়া ধর্ম মহাসম্মেলনে যোগ দিয়ে তিনি বলেন, অনুপ্রবেশকারীদের কোনোভাবেই ভোটার তালিকায় স্থান দেওয়া হবে না।

--------------------

২০১৬ সালের অযোগ্য চিহ্নিত এক হাজার ৮০৬ জন শিক্ষকের সম্পূর্ণ তালিকা প্রকাশ করতে স্কুল সার্ভিস কমিশনকে ফের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি অমৃতা সিনহা জানিয়েছেন, তালিকায় স্কুল, জেলা সহ র‍্যাঙ্কজাম্প, ওএমআর শিটে কারচুপি অর্থাত্ কোন ক্যাটেগরিতে সংশ্লিষ্ট শিক্ষক অযোগ্য হিসাবে বিবেচিত হয়েছেন, তার উল্লেখ থাকতে হবে। ১১ ফেব্রুয়ারীর মধ্যে এই তালিকা প্রকাশ করতে হবে এসএসসি-কে। ঐদিনই মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, এর আগেও গত বছর নভেম্বরে কলকাতা হাইকোর্ট সম্পূর্ণ তথ্য সহ এসএসসি-কে অযোগ্য চিহ্নিতদের তালিকা প্রকাশ করতে নির্দেশ দেন।

এদিকে, কোন নথির ভিত্তিতে তাদের অযোগ্য হিসাবে চিহ্নিত করা হল, তা প্রকাশ্যে আনার দাবিতে ২০১৬র অযোগ্য চিহ্নিত প্রার্থীরা কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হচ্ছেন। আলিপুরে সিবিআই-এর বিশেষ আদালতে নিয়োগ দুর্নীতি মামলায়  জমা করা চার্জসিট এবং নথির কপি তাদের দেওয়ার  আবেদন করছেন অযোগ্য চিহ্নিতরা।

--------------------

দ্রুত নিয়োগ এবং শূন্য পদের সংখ্যা বৃদ্ধির দাবিতে উচ্চ প্রাথমিক চাকরি প্রার্থীদের নবান্ন অভিযানকে তকেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। শিয়ালদহ স্টেশন থেকে মিছিল শুরু করে ধর্মতলায় পৌঁছলে পুলিশ তাদের পথ আটকায়। এরপর আন্দোলনকারীদের একটি প্রতিনিধি দলকে নবান্নে যাওয়ার অনুমতি দেওয়া হয়।

অন্যদিকে, বাকি আন্দোলনকারীরা ধর্মতলার ডোরিনা ক্রসিংয়ে হামাগুড়ি দিয়ে বিক্ষোভ দেখান। এর ফলে সাময়িক যানজট তৈরি হয় ধর্মতলা চত্বরে। আন্দোলনকারীদের দাবি, ২০১৬ সালে প্যানেল হলেও এখনো তাদের নিয়োগ করা হয়নি। ডাকা হয়নি ইন্টারভিউতেও। এব্যাপারে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করেছেন ওই চাকরিপ্রার্থীরা।

--------------------

ন্যূনতম  ১৫ হাজার টাকা বেতন প্রদান,  অন্যান্য বকেয়া মেটানো সহ একাধিক দাবিতে আশাকর্মীদের স্বাস্থ্য ভবন অভিযানকে কেন্দ্র করে আজ ধুন্ধুমার কান্ড বাধে।

পুলিশের তৈরি ব্যারিকেড ভেঙে স্বাস্থ্য ভবন ঢোকার চেষ্টা করলে দুপক্ষের ধস্তাধস্তি বাধে। বিক্ষোভের জেরে একসময় ব্যারিকেড ভেঙ্গে যায়। পরে আন্দোলনকারীদের একটি প্রতিনিধিদলের সঙ্গে কথা বলেন স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম। তাঁদের দাবিগুলি বিবেচনার আশ্বাস দিয়েছে স্বাস্থ্য দফতর।

উল্লেখ্য, একগুচ্ছে দাবিতে গত বছরের তেইশে ডিসেম্বর থেকে রাজ্যজুড়ে লাগাতার কর্মবিরতি শুরু করেছেন আশাকর্মীরা।

এদিকে, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন আশাকর্মীদের দাবি ন্যায় সঙ্গত।

বাইট-সুকান্ত

--------------------

বিকশিত ভারত এবং আত্মনির্ভর ভারত গড়ে তুলতে ২০২৫ সালটি একটি সংস্কারের বছর। অন্যান্য প্রতিটি ক্ষেত্রের মতই প্রধানমন্ত্রীর নেতৃত্বে এসেছে শক্তি ক্ষেত্রেও সংস্কার। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

--------------------

'আজকের প্রসঙ্গ' অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা- **'বিশ্ব উৎপাদন মানচিত্রে ভারতের উত্থান'**। অর্থনীতিবিদ তিমির বরণ চ্যাটার্জির সঙ্গে কথা বলেছেন, কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

--------------------

কলকাতার আনন্দপুরের নোনাডাঙ্গায় মাতঙ্গিনী কলোনী বস্তি এলাকায় অগ্নিকান্ডের জেরে বেশ কয়েকটি ঘর পুড়ে গেছে। দমকলের ৭ টি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করছে। এখনও হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। সন্ধ্যা সাড়ে ৬ টা নাগাদ এই আগুন লাগে। কালো ধোঁয়ায় ঢেকে যায় চারপাশ। পুলিশ স্থানীয় বাসিন্দাদের অন্যত্র সরিয়ে নিয়ে গেছে।

--------------------

ভারতীয় জনতা পার্টির পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির কার্যকর্তাদের নাম ঘোষণা করা হয়েছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য আজ এক প্রেস বিবৃতিতে জানিয়েছেন, সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডার অনুমোদনক্রমে ৩৫ জনকে কমিটিতে নেওয়া হয়েছে। এদের মধ্যে সভাপতি ছাড়াও আছেন ১২ জন সহ সভাপতি, পাঁচ জন সাধারণ সম্পাদক এবং ১২ জন সম্পাদক।

রাজু ব্যানার্জীকে সহ সভাপতি পদে ফেরানো হয়েছে। সাংসদ মনোজ টিগ্গা এবং বিধায়ক অগ্নিমিত্রা পাল, সহ সভাপতি পদে এসেছেন। সৌমিত্র খাঁকে আনা হয়েছে সাধারণ সম্পাদক পদে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিজেপির নতুন রাজ্য কমিটিতে দায়িত্বপ্রাপ্তদের শুভেচ্ছা জানিয়েছেন। আসানসোলে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের নেতৃত্বে এই কমিটি এবং দলের কর্মীরা একযোগে কাজ করে ২০২৬ সালে পরিবর্তন আনবেন।

--------------------

কনকনে ঠান্ডায় জবুথবু রাজ্যবাসী। সকালের দিকে বেশ কিছু জেলায় ঘন কুয়াশা থাকায় কমেছে দিনের তাপমাত্রা। আগামী দুদিন বিভিন্ন জেলায় সর্বোচ্চ তাপমাত্রা কিছুটা কম থাকতে পারে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আগামীকাল শীতল আবহাওয়া পরিস্থিতি থাকার সম্ভাবনা রয়েছে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, নদিয়া মুর্শিদাবাদ এবং হুগলি জেলায়। দক্ষিণবঙ্গে আজ সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় শ্রীনিকেতনে ৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১০ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায়

তিন ডিগ্রি কম। উত্তরবঙ্গের সব থেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয় জলপাইগুড়িতে ৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

এদিকে, দক্ষিণপূর্ব বঙ্গোপসাগরে তৈরি হওয়া সুস্পষ্ট নিম্নচাপটি আজ গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। যদিও এর কোনো প্রত্যক্ষ প্রভাব এ রাজ্যে পড়ার সম্ভাবনা নেই।

--------------------

আনুষ্ঠানিকভাবে গঙ্গাসাগর মেলার সূচনা হচ্ছে আগামীকাল। বিকেলে কলকাতার আউটরাম ঘাটে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এর উদ্বোধন করবেন। মেলায় যেকোনোরকম দুর্যোগ মোকাবিলায় প্রস্তুত থাকছে পুলিশের কুইক রেসপন্স টিম, ভারতীয় নৌ-বাহিনী, SDRF, উপকূলরক্ষীবাহিনী সহ আড়াই হাজার বিশেষ প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক। মেলা প্রাঙ্গণের ১৮ টি জায়গায় দমকল কেন্দ্র তৈরি করা হয়েছে। কোনো পুন্যার্থী অসুস্থ হয়ে পড়লে, তাদের পরিষেবা দিতে পাঁচটি অস্থায়ী হসপিটাল তৈরি করা হয়েছে। থাকছে একটি air অ্যাম্বুলেন্স, তিনটি ওয়াটার অ্যাম্বুলেন্স।

মুড়িগঙ্গা চ্যানেলে পারাপারের সময় ঘন কুয়াশায় দৃশ্যমানতা ঠিক রাখতে প্রতিটি মিনারে থাকছে বিশেষ ফগ লাইট। ৯ থেকে ১৭ তারিখ পর্যন্ত আগত পূণ্যার্থী এবং মেলার সঙ্গে সংশ্লিষ্ট সকলের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে পাঁচ লক্ষ টাকার বীমার ব্যবস্থা করা হয়েছে।

ভারত সেবাশ্রম সংঘ গঙ্গাসাগর মেলায় দেড় হাজারের বেশি স্বেচ্ছাসেবক নিয়োগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে সংঘের প্রধান স্বামী বিশ্বাত্মানন্দ মহারাজ জানিয়েছেন, এই প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবকরা ইতিমধ্যেই সাগর সৈকতে কাজ শুরু করেছে। এছাড়াও এবছর তীর্থযাত্রীদের জন্য ৫হাজারেরও বেশি রাত্রি বাসের ছাউনি এবং ২শোটিরও বেশি প্রাথমিক চিকিৎসা কেন্দ্র খোলা হচ্ছে।

গঙ্গাসাগর যাত্রীদের নিরাপত্তা ও সুবিধার্থে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য কলকাতা পুলিশ, সব থানার ওসি ও আধিকারিকদের নির্দেশ দিয়েছে। এই জন্য কলকাতায় এবং দক্ষিণ ২৪ পরগনার সীমান্তবর্তী ঠাকুরপুকুরের চড়িয়ালে পুলিশের তরফে একটি বিশেষ কিয়স্ক তৈরি করা হয়েছে। সেখান থেকে শুকনো খাবার দেওয়ার পাশাপাশি হঠাৎ কোন পুন্যার্থী অসুস্থ হয়ে পড়লে প্রাথমিক চিকিৎসার বন্দোবস্ত রাখা হবে বলেও লালাবাজার সূত্রে জানা গেছে।

------------------- -------------------